করোনায় মৃত্যু-শনাক্ত বেড়েই চলেছে, আরও ৩০ প্রাণহানি

দেশে করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় আরও ৩০ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে সংক্রমিত হয়েছেন ২ হাজার ৮০৯ জন।

সোমবার বিকালে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সবশেষ পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

যুক্তরাষ্ট্রকে টেক্কা দিয়ে বিশ্বের শীর্ষ সামরিক শক্তি এখন চীন

বছরব্যাপী বৈশ্বিক মহামারি করোনার উপর্যুপরি ধাক্কায় টালমাটাল পৃথিবীতে থেমে নেই সামরিক শক্তি বৃদ্ধির প্রতিযোগিতা।

বিশ্বের চরম মানবিক বিপর্যয়ের মুখেও সামরিক ক্ষমতায় শীর্ষে রয়েছে চীন। সবচেয়ে বেশি ও বৃহৎ সামরিক বাজেট খরচ করে দ্বিতীয় শীর্ষ অবস্থানে থেকে চীনকে টক্কর দিচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্র।

বিশ্বের বৃহৎ দেশগুলোর সেনাবাহিনীর শক্তি যাচাই করতে পরিচালিত সমীক্ষায় প্রাপ্ত এসব তথ্য জানিয়েছে প্রতিরক্ষাসংক্রান্ত ওয়েবসাইট ‘মিলিটারি ডিরেক্ট’।

‘মিলিটারি ডিরেক্ট’ পরিচালিত সমীক্ষার শিরোনাম ছিল— ‘আলটিমেট মিলিটারি স্ট্রেংথ ইনডেক্স’ বা ‘প্রকৃত সামরিক শক্তি সূচক’।

সেই সূচকে ১০০-র মধ্যে ৮২ পয়েন্ট পেয়ে শীর্ষে রয়েছে চীন। মজার বিষয় হলো— সামরিক খাতে সবচেয়ে বেশি খরচ করেও যুক্তরাষ্ট্রের অবস্থান চীনের পরে।

চীনের চেয়ে ৮ পয়েন্ট কম পেয়ে ৭৪ পয়েন্ট নিয়ে বিশ্বের সামরিক শক্তির তালিকায় দ্বিতীয় স্থান দখল করেছে যুক্তরাষ্ট্র।

যথারীতি তালিকায় তৃতীয় স্থানে মহাশক্তিধর সাবেক সোভিয়েত ইউনিয়ন বা আজকের রাশিয়া। রুশ সেনাবাহিনীর শক্তি বিশ্বে তৃতীয়। তাদের পয়েন্ট ৬৯। ৬১ পয়েন্ট পেয়ে তালিকায় চতুর্থ ভারত।

মতিঝিলে ভবনে ভয়াবহ আগুন

রাজধানীর বাণিজ্যিক এলাকা মতিঝিলে একটি সাততলা ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

সোমবার দুপুর দেড়টার দিকে আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে গেছে ফায়ার সার্ভিস।

তবে তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ জানা যায়নি।

ফায়ার সার্ভিস কন্ট্রোল রুমের দায়িত্বরত কর্মকর্তা লিমা খান যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মতিঝিলে একটি সাততলা ভবনে ভয়াবহ আগুন লাগার খবর পেয়েছি। ফায়ার সার্ভিসের সাতটি ইউনিট ঘটনাস্থলে গেছে। এখনও আগুন নিয়ন্ত্রণে আসেনি।

তবে কীভাবে আগুনের সূত্রপাত হয়েছে সে বিষয়ে তিনি কিছু জানাতে পারেননি।

স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয়

নেতাদের মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ

জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষীকি উপলক্ষে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছে বাংলাদেশ স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা।

রবিবার বিকালে চুয়াডাঙ্গা থেকে সরাসরি সড়ক পথে মুজিবনগর এসে বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্মল রন্জন গুহ’র নেতৃত্বে এ পুষ্পামাল্য অর্পণ করা হয়।

এ সময় বাংলাদেশ কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক একেএম আফজালুর রহমান, সহ সভাপতি নির্মল কুমার চ্যাটার্জী, সৈয়দ নাসির উদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, দপ্তর সম্পাদক আজিজুল হক আজিজ, সদস্য আদনান সুমন,
মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল এনাম বকুল, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলাল হাসান বিপ্লাব, সহ সভাপতি মতিউর রহমান মতিন, সাধারণ সম্পাদক শাহ্ আরিফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা মুজিবনগর পৌছালে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা তাদের ফুলেল শুভেচ্ছা জানান।

মেহেরপুরে মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন শহর উপহার দিতে চাই-মাহফুজুর রহমান রিটন

মুজিববর্ষে পরিচ্ছন্ন বাংলাদেশ উপহার দেয়ার কথা উল্লেখ করে পৌর

মেয়র মাহফুজুর রহমান রিটন বলেছেন, ২০২০ সালের ১৭ই মার্চ থেকে ২০২১ সালের ২৬ শে মার্চ পর্যন্ত সময়টাকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে।

এই মুজিববর্ষ কে সামনে রেখে আমরা পরিচ্ছন্ন বাংলাদেশ উপহার দিতে চাই। এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর কার্যক্রম শুরু করা হয়েছে। আগামী বছরের শুরুতেই আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

রবিবার দুপুরে মেহেরপুর পৌর চত্তরে মুজিববর্ষে পরিস্কার পরিছন্নতা অভিযান কার্যক্রমের উদ্বোধনকালে এ কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, মেহেরপুর শহরের প্রতিটি রাস্তা ড্রেনসহ সর্বত্র পরিছন্নতা নিশ্চিত করা হবে। আমাদের উদ্দেশ্য হচ্ছে- সর্বসাধারণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলার পাশাপাশি এ বিষয়ে তাদেরকে সচেতন করা।

আমাদের স্লোগান-পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন ইউনিয়ন, পরিচ্ছন্ন ওয়ার্ড-পরিচ্ছন্ন শহর, পরিচ্ছন্ন উপজেলা-পরিচ্ছন্ন জেলা।

এ অভিযানের মধ্যে রয়েছে, মশার বংশবিস্তার রোধে নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলুন, পথচারীরা রাস্তা ও ফুটপাত পরিষ্কার রাখার জন্য ডাস্টবিন ব্যবহার করুন, কুরবানী পশুর বর্জ্য নির্ধারিত স্থানে ফেলুন, বাড়ি-ঘর রঙ করুন এবং সুন্দর পরিবেশ গড়ে তুলুন, নিজে ভালো থাকুন এবং অপরকেও ভালো থাকতে উৎসাহিত করুন। আসুন আমরা সবাই মিলে স্বাস্থ্যসম্মত সুন্দর ও পরিচ্ছন্ন মেহেরপুর শহরকে গড়ে তুলি।

এ সময় প্রকৌশলী হারুন অর রশিদ, পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, ইভান রাব্বি, বাপ্পি, আলাপনা খাতুন, হামিদা খাতুন সহ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পাবনায় থানার ছাদে উঠে পুলিশ কর্মকর্তার আত্মহত্যা

চাকরিতে যোগদানের দেড় মাস পর পাবনায় হাসান আলী নামের এক পুলিশের এসআই আত্মহত্যা করেছেন।

রোববার সকালে আতাইকুলা থানা ভবনের ছাদে উঠে নিজের পিস্তল দিয়ে মাথায় গুলি করে আত্মহত্যা করেন তিনি।

পাবনার পুলিশ সুপার (অতিরিক্ত) মাসুদ আলম ঘটনার সত্যতা যুগান্তরকে নিশ্চিত করেছেন।

জানা গেছে, দেড় মাস আগে হাসান আলী বাংলাদেশ পুলিশে যোগদান করেন। প্রাথমিকভাবে প্রেমঘটিত কারণে তিনি আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে।

তবে বিষয়টি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছে পুলিশ।

ইমরান খানের পর ফার্স্টলেডিও করোনা আক্রান্ত

টিকা নেওয়ার মাত্র দুদিন পর করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান।

দেশটির ফার্স্টলেডি হিসেবে পরিচিত তার স্ত্রী বুশরা মানেকাও আক্রান্ত হয়েছেন একই ভাইরাসে। ইমরান খানের পররাষ্ট্রবিষয়ক বিশেষ সহকারী জুলফিকার বুখারি এক টুইটবার্তায় এ তথ্য নিশ্চিত করেছেন।

টুইটবার্তায় বুখারি লিখেছেন, আমাদের ফার্স্টলেডি করোনায় আক্রান্ত হয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী ও ফার্স্টলেডির দ্রুত সুস্থতা কামনা করছি। আল্লাহ তাদের আরোগ্য দান করুন।

এর আগে শনিবার ইমরান খানের স্বাস্থ্যবিষয়ক জাতীয় উপদেষ্টা ফয়সাল

সুলতান এক টুইটে ইমরান খান করোনা আক্রান্ত হওয়ার খবর জানান।

এক প্রতিবেদনে ডন জানিয়েছে, একই দিন আক্রান্ত হয়েছেন ইমরান খান ও বুশরা বিবি। বর্তমানে তারা বাড়িতে সেলফ আইসোলেশনে আছেন।

গত বৃহস্পতিবার টিকা নিয়েছিলেন ইমরান। এর আগের দিন টিকা নেন দেশটির প্রেসিডেন্ট আরিফ আলভী। তবে তারা কোন ব্র্যান্ডের টিকা নিয়েছেন এ ব্যাপারে কিছু জানানো হয়নি।

কেনিয়ায় বিমান বিধ্বস্ত হয়ে ২ পাইলট নিহত

কেনিয়ায় পরীক্ষার প্রশ্নপত্র বহনকারী একটি ছোট বিমান বিধ্বস্ত হয়ে এর পাইলট ও কোপাইলট দুজনই ঘটনাস্থলে নিহত হয়েছেন।

দেশটির জাতীয় পরীক্ষা কাউন্সিলের প্রশ্নপত্র নিয়ে মারসাবিত পল্লীতে যাওয়ার সময় এটি বিধ্বস্ত হয়। খবর আনাদোলুর।

দেশটির বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পরিচালক গিলবার কিবে জানান, বিমানটি রাজধানী নাইরোবি থেকে স্থানীয় সময় সকাল ৮টা ২০ মিনিটে উড্ডয়নের পর সকাল ১০টা ১০ মিনিটে একটি পাহাড়ের ওপর এটি বিধ্বস্ত হয়।

বিমানটিতে দুই পাইলট ছাড়া আর কোনো আরোহী ছিল না। তবে কী কারণে এটি বিধ্বস্ত হয়েছে তা জানা যায়নি। পুলিশসহ কয়েকটি সংস্থা বিষয়টি তদন্তে মাঠে নেমেছে।

বিমানটি যেখানে বিধ্বস্ত হয়েছে, ২০০৬ সালেও সেখানে আরেকটি বিমান দুর্ঘটনায় তিন মন্ত্রী ও চার এমপিসহ ১৪ জন প্রাণ হারিয়েছিলেন।

করোনা মোকাবেলায় মুজিবনগরে থানা পুলিশের সচেতনতা মূলক কর্মসূচি

“মাস্ক পরার অভ্যাস করোনা মুক্ত বাংলাদেশ” এ শ্লোগানে মুজিবনগরে কোভিড ১৯ করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ প্রতিরোধে এবং বাংলাদেশে সংক্রমণ বাড়তে থাকায় সামাজিক দুরত্ব বজায় রাখাসহ মাস্ক পরিধান করার জন্য জনগন কে সচেতন করতে এক যোগে বাংলাদেশের সমগ্র জেলা উপজেলায় বাংলাদেশ পুলিশ এর উদ্যোগে সচেতনতামূলক কার্যকম পরিচালিত হচ্ছে।

তারই অংশ হিসাবে সকাল ১০ টার সময় মুজিবনগর থানা পুলিশের উদ্যোগে কেদারগন্জ বাজারে মাস্ক বিতরণ ও সচেতনতামূলক কার্যকম পরিচালিত করা হয়।

মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হেড কোয়াটার) এস এম ফয়সাল প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কার্যকমের উদ্বোধন করেন।

এসময় মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,সাধারণ সম্পাদক হেকমত আলী, মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া,এস আই আজম বিশ্বাস, শ্রমীক নেতা আনছার আলী সহ মুজিবনগর থানা পুলিশের সদস্যবৃন্দ উপস্হিত ছিলেন।

এ সময় সাধারণ মানুষের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয় এবং মাস্ক পরিধান ও করোনা ভাইরাস মোকাবেলায় পরামর্শ দেওয়া হয়।

আলমডাঙ্গায় মাদ্রাসায় ছাত্রকে বলাৎকার, শিক্ষক আটক

আলমডাঙ্গার পোয়ামারী মাদ্রাসা ছাত্র (১২)কে বলাৎকারের অভিযোগে আবু মুছা নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার দিকে বেলগাছি ইউনিয়নের পোয়ামারী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় এ ঘটনাটি ঘটে।

মাদ্রাসা ছাত্রের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে মাদ্রাসা ছাত্রকে উদ্ধার করে শিক্ষক আবু মুছাকে গণধোলায় দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের পোয়ামারী গ্রামে অবস্থিত এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা। ওই মাদ্রাসায় গত ৩ বছর পূর্বে বেলগাছি গ্রামের রথখোলা পাড়ার জামাল হোসেনের ছেলে আবু মুছা শিক্ষক হিসাবে চাকুরিতে যোগদান করে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এশার নামাজের পর ওই ছাত্রকে ফুঁসলিয়ে মাদ্রাসা একটি কক্ষে নিয়ে যায়। এ সময় জোরপূর্বক ওই ছাত্রকে বলাৎকার চেষ্টা চালালে মাদ্রাসা ছাত্র চিৎকার দিলে মাদ্রাসার ছাত্রসহ এলাকাবাসী ছুটে যায়।

এলাকাবাসী জানান, রাত প্রায় ৮ টার দিকে মাদ্রাসা থেকে ছাত্রদের চিৎকার শুনে সকলে দৌড়ে মাদ্রাসা প্রাঙ্গণে যায়। এসময় ওই মাদ্রাসায় সকল ছাত্ররা দলবদ্ধ ভাবে ছোটাছুটি করে। তাদের মাঝে একটি শিশু কান্না কন্ঠে তাকে বলাৎকারের ঘটনাটি জানায়। এসময় উৎসুক জনতা মাদ্রাসা শিক্ষককে গণধোলাই দেয়।

এছাড়াও, মাদ্রাসার অনেক ছাত্রের সাথে জোরপূর্বক অনৈতিক কাজ করে বলে অনেক ছাত্র অভিযোগ করে।

পরে, আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে মাদ্রাসা শিক্ষককে আটক করে পুলিশ। গতকাল সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানাযায়।